

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.২০৯.৯২(অংশ-২)- ৬৪২

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৮
১৩ মার্চ ২০২২

বিষয়: ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. শাহনাজ আরেফিন, এনডিসি,
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
সভার তারিখ : ১০ মার্চ ২০২২
সভার সময় : সকাল ১১.০০ মিনিট
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সম্মেলন কক্ষ (ব্লক-২)
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য বীর মুক্তিযোদ্ধাদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। অতঃপর তিনি ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আয়োজিত প্রস্তুতিমূলক সভায় আলোচনার জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে আহ্বান জানান। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় অবহিত করেন যে, ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ১৭/০১/২০২২ তারিখে আয়োজিত সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উক্ত সভার আলোচ্যসূচি-২ অনুসারে সিদ্ধান্ত নিম্নরূপ:

“জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের স্বাস্থ্যবিধি সংক্রান্ত অনুশাসন/নির্দেশনা প্রতিপালন করতে হবে”।

২.০ অতিরিক্ত সচিব (প্রশাসন) আরও উল্লেখ করেন যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে ১৭/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত জাতীয় কর্মসূচি হিসেবে ২৬/০৩/২০২২ তারিখে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ত্রৈদিন সূর্যোদয়ের সাথে সাথে) এবং ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন (ত্রৈদিন সূর্যোদয়ের সাথে সাথে) এর বিষয়টি রাখা হয়েছে।


২.১ সভাপতির অনুমতিক্রমে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সভায় অবহিত করেন যে, কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় গত বছর স্বাস্থ্যবিধি মেনে স্বল্প পরিসরে বর্ণিত দিবসসমূহ পালন করা হয়। এ বছরও কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্য মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের স্বাস্থ্যবিধি সংক্রান্ত অনুশাসন/নির্দেশনা প্রতিপালনপূর্বক জাতীয় কর্মসূচির আলোকে দিবসসমূহ উদযাপন করা যেতে পারে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩. সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়:


নং	তারিখ ও সময়	কার্যক্রম	স্থান	বাস্তবায়নে
১	১৭ মার্চ ২০২২	জাতীয় পতাকা উত্তোলন (সূর্যোদয়ের সাথে সাথে)	পরিসংখ্যান ভবন	পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
২	১৭ মার্চ ২০২২ সকাল ১০.০০ মিনিট	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ	পরিসংখ্যান ভবনের নীচতলা	পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৩	২৫ মার্চ ২০২২ গণহত্যা দিবস	পরিকল্পনা বিভাগের কর্মসূচিতে অংশগ্রহণ (যদি থাকে)	পরিকল্পনা মন্ত্রনালয়	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৪	২৬ মার্চ ২০২২	জাতীয় পতাকা উত্তোলন (সূর্যোদয়ের সাথে সাথে)	পরিসংখ্যান ভবন	পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৫	২৬ মার্চ ২০২২ সন্ধ্যা হতে পরদিন সকাল পর্যন্ত	আলোকসজ্জা	পরিসংখ্যান ভবন	পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ২৪.০৩.২০২২
 ড. শাহিনাজ আরেফিন, এনডিসি,
 সচিব

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
- ৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৫। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
- ৬। আয়ন ব্যয়ন কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৭। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৮। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১০। যুগ্মপরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
- ১১। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১২। সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ


 মো: ফরিদ হোসেন
 সিনিয়র সহকারী সচিব